



বাংলাদেশ পাটকল করপোরেশন

আদমজী কোর্ট (এনেক্স-১), ১১৫-১২০ মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

“ পাটজাত দ্রব্য ব্যবহার ক্রমণ,
দূষণমুক্ত পরিবেশ গড়ুন। ”

খন্ডকালীন নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পাটকল করপোরেশনের (বিজেএমসি) আওতাধীন নিম্নবর্ণিত কার্যালয়/মিলসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ১৬ জন খন্ডকালীন চিকিৎসক ও ১ জন খন্ডকালীন ডিজাইনার (পাট পণ্য) নিয়োগের নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

(ক) পদের নাম ও খন্ডকালীন চিকিৎসক।

ক্রঃ নং	মিলের নাম ও ঠিকানা	পদ সংখ্যা	ক্রঃ নং	মিলের নাম ও ঠিকানা	পদ সংখ্যা
১	বাংলাদেশ জুট মিলস্ লিঃ, ঘোড়াশাল, নরসিংদী।	১	৯	আমিন জুট মিলস্ লিঃ, ষোলশহর, চট্টগ্রাম।	১
২	ক্রিসেন্ট জুট মিলস্ লিঃ, শহর খালিশপুর, খুলনা।	১	১০	হাফিজ জুট মিলস্ লিঃ, বার-আউলিয়া, চট্টগ্রাম।	১
৩	ষ্টার জুট মিলস্ লিঃ, চন্দনীমহল, দিঘলিয়া, খুলনা।	১	১১	কেএফডি জুট মিলস্ লিঃ, রাজনিয়া, চট্টগ্রাম।	১
৪	খালিশপুর জুট মিলস্ লিঃ, শহর খালিশপুর, খুলনা।	১	১২	গুল আহমদ জুট মিলস্ লিঃ, কুমিরা, চট্টগ্রাম।	১
৫	দৌলতপুর জুট মিলস্ লিঃ, শহর খালিশপুর, খুলনা।	১	১৩	গালফা-হাবিব লিঃ, বাড়কুন্ড, চট্টগ্রাম।	১
৬	ইষ্টার্ন জুট মিলস্ লিঃ, আটরা শিল্প এলাকা, খুলনা।	১	১৪	এম. এম. জুট মিলস্ লিঃ, বাঁশবাড়ীয়া, চট্টগ্রাম।	১
৭	যশোর জুট ইন্ডাস্ট্রিজ, রাজঘাট, নওয়াপাড়া, যশোর।	১	১৫	আর. আর. জুট মিলস্ লিঃ, বাঁশবাড়ীয়া, চট্টগ্রাম।	১
৮	কাপেটিং জুট মিলস্ লিঃ, রাজঘাট, যশোর।	১	১৬	বাগদাদ-ঢাক-কাপেটিং ফ্যাক্টরী, পাহাড়তরী, চট্টগ্রাম।	১

(খ) পদের নাম ও খন্ডকালীন ডিজাইনার (পাট পণ্য)।


কার্যালয়ের নাম ও ঠিকানা	পদ সংখ্যা
বাংলাদেশ পাটকল করপোরেশন, আদমজী কোর্ট (এনেক্স-১), ১১৫-১২০ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০	১

শর্তাবলী :

- খন্ডকালীন চিকিৎসক পদের প্রার্থীদের এমবিবিএস পাশ হতে হবে এবং চিকিৎসা সেবায় বাস্তব অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। খন্ডকালীন ডিজাইনার (পাট পণ্য) পদের প্রার্থীদের জুট টেকনোলোজী/গ্রাফিক ডিজাইন টেকনোলোজী/প্রিন্টিং টেকনোলোজীতে ডিপ্লোমা পাশসহ ডিজাইন এবং প্রিন্টিং কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
- খন্ডকালীন চিকিৎসককে সংশ্লিষ্ট জুট মিলের চিকিৎসা বিভাগে সরকারী বিধি ও বিজেএমসির বিধিবিধান দ্বারা নির্ধারিত ছুটির দিন ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত অফিস চলাকালীন সপ্তাহে ৪ দিন ০৪ (চার) ঘন্টা (আলোচনা সাপেক্ষে সময়/বার নির্ধারণ করা হবে) করে কর্মকর্তা/কর্মচারী/শ্রমিকদের চিকিৎসা সেবা প্রদান ও চিকিৎসা সংশ্লিষ্ট অন্যান্য দাপ্তরিক কাজ করতে হবে।
- খন্ডকালীন ডিজাইনার (পাট পণ্য) কে বিজেএমসি প্রধান কার্যালয়ের গবেষণা বিভাগে সরকারী বিধি ও বিজেএমসির বিধিবিধান দ্বারা নির্ধারিত ছুটির দিন ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত অফিস চলাকালীন পাট পণ্যের ডিজাইন ও প্রিন্টিং কাজ করতে হবে।
- খন্ডকালীন চিকিৎসককে মাসিক সর্বসাকুল্যে ৩০,০০০/= (ত্রিশ হাজার) টাকায় (নিয়মানুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন যোগ্য) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রাথমিকভাবে ০৬ (ছয়) মাসের জন্য নিয়োগ দেয়া হবে এবং খন্ডকালীন ডিজাইনার (পাট পণ্য) কে মাসিক সর্বসাকুল্যে ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকায় (নিয়মানুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন যোগ্য) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রাথমিকভাবে ০৬ (ছয়) মাসের জন্য নিয়োগ দেয়া হবে। উভয় পদের ক্ষেত্রে নিয়োগের মেয়াদ আলোচনা সাপেক্ষে হ্রাস-বৃদ্ধি হতে পারে।
- আবেদনকারী যে কার্যালয়/মিলে নিয়োগ পেতে ইচ্ছুক আবেদন পত্রে সে কার্যালয়/মিলের নাম উল্লেখ করতে হবে।
- আবেদনকারীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) টেলিফোন/সেলফোন নম্বর (ছ) ই-মেইল (জ) জন্ম তারিখ (ঝ) জাতীয়তা (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (ঠ) কার্যালয়/মিলের নাম (যে কার্যালয়/মিলে নিয়োগ পেতে ইচ্ছুক) ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণ স্বাক্ষরসহ আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, বিএমডি সি রেজিস্ট্রেশন সনদ (খন্ডকালীন চিকিৎসকদের ক্ষেত্রে প্রযোজ্য) জাতীয় পরিচয় পত্র, প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও নাগরিকত্ব সনদপত্রসহ অন্যান্য সমর্থনযোগ্য কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- আবেদনকারীকে আগামী ০৩-০৩-২০১৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সচিব, বাংলাদেশ পাটকল করপোরেশন, আদমজীকোর্ট, এনেক্স-১ (৫ম তলা), ১১৫-১২০ মতিঝিল বা/এ ঢাকা-১০০০ বরাবরে ডাকযোগে/সরাসারি হাতে হাতে আবেদনপত্র দাখিল করতে হবে।
- আবেদনপত্র গ্রহণ, বাছাই এবং নিয়োগের ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিজেএমসি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিজ্ঞপ্তির আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- আবেদনে কোন ভুল তথ্য প্রদান করলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করলে পরবর্তীতে তা প্রমানিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিজ্ঞপ্তিটি বিজেএমসি'র ওয়েবসাইট www.bjmc.gov.bd এবং বক্স ও পাট মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.motj.gov.bd -তে দেখা যাবে।

স্মারক নং- ২৪.০৪.০০০০.২০৫.১০.০৪৮.১৫-১১০, তারিখ : ১৫-০২-২০১৬।


(মুহাম্মদ সালাহউদ্দীন)
সচিব
বিজেএমসি।